যুগান্তর

তারিখ .. 31 MAR ২০১৫ ...
পৃষ্ঠা .. ৮ ...... কলাম ... ৩ ......

# শেকৃবিতে মধ্যরাতে চার মাদকসেবী আটক

শেকৃবি প্রতিনিধি

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে মাদকসহ চার বহিরাগত মাদকসেবীকে আটক করেছে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা বিভাগের কর্মীরা। শুক্রবার রাত সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মীজানুর রহমান এবং নিরাপত্তা প্রধান জাবের আমীর নেতৃত্বে ক্যাম্পাসে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। ক্যাম্পাসের টিএসসি ভবন সংলগ্ন অক্সফোর্ড মোড়ে আটকরা চারজনই বহিরাগত। বিশ্ববিদ্যালয় নিরাপত্তা শাখা সূত্রে জানা যায়, আটক চার মাদকসেবী আশপাশের এলাকায় মাদক ব্যবসাসহ বিশ্ববিদ্যালয়ে নিয়মিত মাদক সরবরাহে জড়িত। আটকরা হল— মোহাম্মদপুরের শুকুর মোল্লা, কল্যাণপুরের মোবারক হোসেন, ওয়াসা স্টাফ কোয়ার্টারের নাসির উদ্দিন ও শেরেবাংলা নগর স্টাফ কোয়ার্টারের আতিকুর রহমান। নিরাপত্তাকর্মীদের কাছে দেয়া এক জবানবন্দিতে মাদকসেবীরা জানায়, তারা নিয়মিত ক্যাম্পাসে এসে ফেনসিডিল, গাঁজা, ইয়াবাসহ অন্যান্য মাদক সেবন করে। ক্যাম্পাস নিরাপদ হওয়ায় তারা ক্যাম্পাসকেই মাদক সেবনের উপযুক্ত স্থান মনে করে। মাদকসেবীরা জানায়, তেজগাঁও, মোহাম্মদপুর, বিহারিক্যাম্প, আগারগাঁও বস্তির মাদকচক্রের একটি বড় অংশ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে মাদকের ব্যবসা চালিয়ে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মীজানুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ে মাদক নিয়ন্ত্রণে বিশেষ অভিযানের ব্যবস্থা করা হয়েছে। দিন-রাত ক্যাম্পাসে নিরাপত্তাকর্মীদের টহলে রাখার চেষ্টা করছি। শিক্ষার্থীদের মাদকের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি।